



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/ কলেজ/ অনুঃ/২০১৪/ ০৮

তারিখ: ২/০১/২০১৫

বিষয় : পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি

সূত্র : (ক) কলেজের স্মারক নং- হাখামক/০৪/১৪, তারিখ: ১৩/০৭/২০১৪।

(খ) নথির ২৫(ক) নং অনুচ্ছেদে চেয়ারম্যান মহোদয়ের ১৮/১২/২০১৪ তারিখে অনুমোদন

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে হালিমা খাতুন মহিলা কলেজ, ডাক: বাহেরচর, উপজেলা: রাজাবালী, জেলা: পটুয়াখালী-এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে নিম্ন বর্ণিত শাখা ও বিষয়সমূহের পাঠদানের অনুমতির মেয়াদ ০১-০৭-২০১৪ হতে ৩০-০৬-২০১৫ খ্রি. পর্যন্ত ০১ (এক) বছরের জন্য বৃদ্ধি করা হলো।

পাঠদানের অনুমতির সময়সীমা অতিক্রান্ত হবার পর পুনরায় পাঠদানের অনুমতি নবায়ন করতে হবে। অন্যথায় উক্ত পাঠদানের অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

শাখা ও বিষয় সমূহ

০১। আবশ্যিক বিষয় : বাংলা, ইংরেজী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।

০২। নৈর্বাচনিক বিষয়

ক) বিজ্ঞান শাখা : পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীব বিজ্ঞান এবং উচ্চতর গণিত।

খ) মানবিক শাখা : পৌরনীতি ও সুশাসন, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা এবং সমাজ বিজ্ঞান।

গ) ব্যবসায় শিক্ষা শাখা : হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা এবং উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন।

ঘ) সকল শাখার জন্য : কৃষি শিক্ষা।

বিঃ দ্রঃ পাঠদানের প্রাথমিক অনুমতি পত্রে আরোপিত শর্ত পূরণ করায় গত ০৪/০৪/২০১৩ তারিখের বশিবো/কলেজ/অনুঃ/২০১৩/১৩৮৮ নং স্মারকে সমাজ কল্যাণ বিষয়ের পাঠদানের অনুমতি বাতিলের আদেশ প্রত্যাহার পূর্বক উক্ত বিষয়ের পাঠদানের অনুমতির মেয়াদ ০১-০৭-২০১২ হতে ৩০-০৬-২০১৫ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য বৃদ্ধি করা হলো আরও উল্লেখ থাকে যে, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭১.০৭৪.০০৪.১১-৬০৩, তারিখ: ১৩ জুন ২০১৩ বর্ণনা অনুযায়ী বিজ্ঞপ্তি একাদশ-দ্বাদশ শ্রেণির পরিমার্জিত বিষয় কাঠামোর প্রেক্ষিতে এখন থেকে উক্ত বিষয়টি সমাজকর্ম নামে বিবেচিত হবে।

শর্তাবলী :

- ১) পাঠদানের এ অনুমতিকে কোন ক্রমেই স্বীকৃতি বলে বিবেচনা করা যাবে না
- ২) বিজ্ঞান বিভাগ এবং ব্যবসায় শিক্ষা শাখায় সন্তোষজনক ছাত্রী ভর্তি করতে হবে।
- ৩) প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫ (পঁচিশ) জন করে ছাত্রী ভর্তি করাতে হবে।
- ৪) কলেজের শিক্ষার মান আরো উন্নত করতে হবে এবং পাবলিক পরীক্ষায় পাসের হার আরও উন্নীত করতে হবে
- ৫) জনবল কার্টামো ২০১০-এর বিধি মোতাবেক অতিরিক্ত শিক্ষক/কর্মচারী নিয়োগ করে বেতনের সরকারি অংশ উত্তোলন করা যাবে না
- ৬) টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে
- ৭) গ্রন্থাগারে পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- ৮) জরুরী ভিত্তিতে বাৎসরিক ক্লাশ রুটিন অত্র বোর্ডে দাখিল করতে হবে
- ৯) সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- ১০) শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে

০১.০১.২০১৫  
ড. মোঃ লিয়াকত হোসেন (৯৫১১)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
বরিশাল

অধ্যক্ষ

হালিমা খাতুন মহিলা কলেজ

ডাক: বাহেরচর

উপজেলা: রাজাবালী, জেলা: পটুয়াখালী

অনুলিপি প্রেরিত

২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা

৩. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল

৪. সিস্টেম এনালিস্ট (ভারপ্রাপ্ত), অত্র বোর্ড, বিজ্ঞপ্তি বরিশাল শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ